৩৭

তারিখ 22 MAY 1997
পৃষ্ঠা ৪ কলাম ৪

দৈনিক ইত্তেফাক

## স্কুলে ভর্তির ক্ষেত্রে ডোনেশন প্রথার অবসান চাই

অতীতের সরকারের মত বর্তমান সরকারেরও লক্ষ্য হইতেছে, যথা সত্বর দেশকে নিরক্ষরমুক্ত করিয়া জাতিকে শিক্ষিত হিসাবে গড়িয়া তোলা। আমরা সরকারের এই উদ্যোগকে স্বাগত জানাই। কিন্তু আমাদের দেশের স্কুলগুলির যে অবস্থা, তাহাতে আমাদের ছেলেমেয়েদের যথার্থরূপে শিক্ষিত করিয়া গড়িয়া তোলা খুবই কঠিন। দেশের মাধ্যমিক শিক্ষা এখনো প্রধানতঃ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠাননির্ভর; কিন্তু দুঃখের বিষয়, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে আজকাল ছেলেমেয়েদের ভর্তি করিতে গেলে প্রথমেই চিন্তা করিতে হয় ডোনেশনের পরিমাণ কত? ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হইলেও মধ্যবিত্ত পরিবারের ছেলে-মেয়েরা স্কুলে ভর্তি হইতে পারে না। কারণ ডোনেশন না দিলে ভর্তি করা হয় না। ডোনেশনই যেন আসল মেধা। ডোনেশন দেওয়া গেলে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ না হইলেও ভর্তি হওয়া যায়। অনেক স্কুলে সর্বনিম্ন ডোনেশনের হার ১০ হাজার টাকা। যে দেশের মানুষ এক বেলার খাবার যোগাড় করিতে হিমশিম খায়, তাহারা তাহাদের ছেলেমেয়েদের লেখাপড়া শিখাইবে কিভাবে? তাই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন, ডোনেশন প্রথা বন্ধ করিয়া মধ্যবিত্ত পরিবারের ছেলেমেয়েদের শিক্ষা গ্রহণের পথের অন্তরায় দূর করা হোক।

—মোঃ রওশন-উল-হক (ফিরোজ);
চ-১০৯/১, উত্তর বাড্ডা গুলশান,
ঢাকা-১২১২।